# AKASHVANI (AIR)
# RNU : KOLKATA
# Bengali Text Bulletin

**Date 18-02-2025 Time: 7-50 P.M.**

<u>বিশেষ বিশেষ খবর –</u>

১) রাজ্যপালের অভিভাষণের উপর জবাবি ভাষণে মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী বিরোধীদের আনা সব অভিযোগ নসাৎ করেছেন।

রাজ্যপালের ভাষণের সঙ্গে বাস্তবের কোন মিল নেই বলে বিজেপি দাবি করেছে।

২) মহাকুম্ভকে কেন্দ্র করে পদপিষ্ট হয়ে একাধিক পুন্যার্থীর প্রানহানির ঘটনায় মুখ্যমন্ত্রী বলেছেন, এই মহাকুম্ভ মৃত্যু কুম্ভে পরিণত হয়েছে।

এদিকে, মুখ্যমন্ত্রী বিধানসভায় মহাকুম্ভকে অসম্মান করেছেন বলে বিরোধী দলনেতার অভিযোগ।

৩) রাজ্য বিধানসভায় তৃণমূল কংগ্রেসের পক্ষ থেকে বিরোধী দলনেতার বিরুদ্ধে স্বাধিকার ভঙ্গের প্রস্তাব আনা হয়েছে।

৪) কলকাতার বড়তলা থানা এলাকায় ৭ মাসের এক শিশুর ধর্ষণকে বিরলের মধ্যে বিরলতম আখ্যা দিয়ে আদালত আজ দোষী সাব্যস্ত রাজীব ঘোষকে মৃত্যুদন্ডের আদেশ দিয়েছে।

৫) নিয়োগ দুর্নীতি মামলায় কলকাতা হাইকোর্ট সুজয় কৃষ্ণ ভদ্রকে অন্তর্বর্তী জামিন দিয়েছে।

৬) বজ্রগর্ভ মেঘের সঞ্চারের ফলে দক্ষিণবঙ্গে আগামীকাল থেকে বজ্র বিদ্যুৎ সহ ঝড়বৃষ্টির পূর্বাভাস দিয়েছে আবহাওয়া দপ্তর।

০০০০০০০০০০০০০০০০০০০০০

বাজেট অধিবেশনের সূচনায় রাজ্যপালের অভিভাষণের উপর দুদিনের আলোচনা শেষে আজ জবাবি ভাষণ দেন মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি। পূর্ব ঘোষণা মত মুখ্যমন্ত্রীর ভাষণ বয়কট করে বিধানসভার বাইরে বিক্ষোভ কর্মসূচি পালন করে প্রধান বিরোধী দল বিজেপি। তাদের অনুপস্থিতিতেই মুখ্যমন্ত্রী উন্নয়ন প্রসঙ্গে তোলা বিভিন্ন অভিযোগের জবাব দিয়ে পাল্টা পরিসংখ্যান পেশ করেন।

একটি প্রতিবেদন..

(ভিসি- অভিরূপ)

০০০০০০০০০০০০০০০০০০০০০

রাজ্যপালের ভাষণের সঙ্গে বাস্তবের কোন মিল নেই বলে বিজেপি দাবি করেছে। রাজ্যে ৬১টি রেল প্রকল্প, নতুন বিমানবন্দর ও জাতীয় সড়ক নির্মাণে জমি দেওয়া হয়নি বলে বিরোধী দলনেতা আজ অভিযোগ করেন। তিনি জানান, তৃণমুল কংগ্রেস সরকারের আমলে ৫১টি এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জ বন্ধ করে দেওয়া হয়েছে। কৃষক সম্মান নিধি যোজনায় ৮১লক্ষ কৃষকের নাম না পাঠিয়ে এবং প্রধানমন্ত্রী ফসল বীমা যোজনা চালু না করে মুখ্যমন্ত্রী রাজ্যে কৃষকদেরও ক্ষতির মুখে ফেলে দিয়েছেন বলে তিনি দাবি করেন।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০

উত্তরপ্রদেশের প্রয়াগরাজ এবং নতুন দিল্লি স্টেশনে পদপিষ্ট হয়ে একাধিক পুন্যার্থীর প্রানহানির ঘটনাকে কটাক্ষ করে মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি বলেছেন, এই মহাকুম্ভ মৃত্যু কুম্ভে পরিণত হয়েছে। ঐ ঘটনায় মৃতের প্রকৃত সংখ্যা লোকানো হচ্ছে বলেও অভিযোগ করেন তিনি। রাজ্য বিধানসভা্র বাজেট অধিবেশনে রাজ্যপালের অভিভাষণের ওপর ধন্যবাদসূচক প্রস্তাবের জবাবী ভাষণে তিনি বলেন, মৃতের সংখ্যা কমানোর জন্য শতাধিক দেহ লোপাট করে দেওয়া হয়েছে।

(বাইট – মুখ্যমন্ত্রী)

মুখ্যমন্ত্রী বলেন, বিজেপি বিধায়করা তাঁর সম্মুখীন হতে চাইছেন না বলেই অধিবেশন বয়কট করেছেন। মুসলিম লীগের সঙ্গে তার জড়িত থাকা নিয়ে বিজেপির মন্তব্যের তীব্র সমালোচনা করেন মুখ্যমন্ত্রী। তিনি ধর্মনিরপেক্ষতা, সহাবস্থান এবং প্রতিটি সম্প্রদায়ের সর্বাঙ্গীন উন্নয়নে বিশ্বাসী বলে মত ব্যক্ত করেন।

তৃণমূল কংগ্রেসের সরকারের মদতেই রাজ্যে জঙ্গিদের বাড়বাড়ন্ত বলে বিরোধীদের তোলা অভিযোগের জবাবে মুখ্যমন্ত্রী চ্যালেঞ্জ ছুড়ে দিয়ে জানান, তাঁর সঙ্গে জঙ্গীদের সম্পর্ক আছে কেউ প্রমাণ করতে পারলে মুখ্যমন্ত্রীর পদ ছেড়ে দেবেন তিনি। বিরোধী দলনেতার এই ধরনের মন্তব্যের বিষয়ে তিনি প্রধানমন্ত্রীকেও চিঠি লিখবেন। মুখ্যমন্ত্রী বলেন, বাংলাদেশে অস্থিরতা সত্ত্বেও তাঁর সরকার এরাজ্যে শান্তি ও সুস্থিতি বজায় রাখতে সক্ষম হয়েছে।

এদিকে, মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী বিধানসভায় মহাকুম্ভকে অসম্মান করেছেন বলে বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারির অভিযোগ। গতকাল সাসপেন্ড হওয়ার পর আজ বিধানসভার বাইরে ধর্না মঞ্চ থেকে শুভেন্দু বলেন, মুখ্যমন্ত্রী আজ তার বক্তব্যে মহাকুম্ভকে মৃত্যু কুম্ভ বলে উল্লেখ করেছেন যা হিন্দু ধর্মাবলম্বীদের আস্থায় আঘাত হেনেছে।

(বাইট – শুভেন্দু)

মুখ্যমন্ত্রীকে অবিলম্বে এই বক্তব্য প্রত্যাহার করার এবং ক্ষমা চাওয়ার দাবি জানান শুভেন্দু। একই সঙ্গে রাজনীতির ঊর্ধ্বে উঠে সাধুসন্তদেরও এই উক্তির প্রতিবাদ জানানোর আবেদন করেন।

oooooooooooooooooooooo

রাজ্যে সরস্বতী পুজো করতে দেওয়া হয় না বলে বিরোধীদের দাবি নসাৎ করে মুখ্যমন্ত্রী জানিয়েছেন, রাজ্যে অন্তত ৪ কোটি সরস্বতী পুজো হয়েছে। তার মধ্যে শুধুমাত্র একটি পুজো নিয়েই কুৎসা করা হচ্ছে। তবে যে পুজো নিয়ে বিতর্ক তৈরি

করা হচ্ছে সেই যোগেশ চন্দ্র কলেজেও দুটি সরস্বতী পুজো হয়েছে। মুখ্যমন্ত্রী বিধানসভায় জানান, যোগেশচন্দ্র কলেজ এবং যোগেশচন্দ্র আইন কলেজে জায়গা সমস্যার জন্য পুজোর অনুমতি দেয়া হচ্ছিল না। পরে আদালত থেকে অনুমতি নিয়ে দুটো পুজোই অনুষ্ঠিত হয়। যার ছবি তিনি বিধানসভায় প্রমাণ হিসেবে জমা দেন।

(বাইট – মমতা)

এদিকে, বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী বলেন, সরস্বতী পুজোকে অসম্মানের বিরুদ্ধে প্রতিবাদ করার জন্য তাদের বিধানসভা থেকে বহিষ্কার করা হয়েছে। এজন্য তারা হতাশ নন, গর্বিত। শ্রী অধিকারী বলেন, সরস্বতী পুজো শুধুমাত্র হিন্দুদের পুজো নয়। স্কুল,কলেজ সহ বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে উৎসব হিসেবে এই পুজো পালিত হয়। রাজ্যে বিভিন্ন জায়গায় পুলিশ মোতায়েন করে কেন সরস্বতী পুজো করতে হলো এবং যারা পুজোয় বাধা দিয়েছে তাদের এখনো কেন গ্রেফতার করা হয়নি তা নিয়েও তিনি প্রশ্ন তোলেন।

(বাইট – শুভেন্দু)

oooooooooooooooooooo

রাজ্য বিধানসভায় তৃণমূল কংগ্রেসের পক্ষ থেকে বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারীর বিরুদ্ধে স্বাধিকার ভঙ্গের প্রস্তাব আনা হয়েছে। অধ্যক্ষ এই নোটিশ গ্রহণ করে তা তদন্তের জন্য প্রিভিলেজ কমিটির কাছে পাঠিয়েছেন। রাজ্যপালের অভিভাষণের ওপর ধন্যবাদসূচক প্রস্তাব নিয়ে আলোচনার দ্বিতীয় দিনে আজ অধিবেশনের শুরুতেই পুরমন্ত্রী ফিরহাদ হাকিম, পরিষদীয় মন্ত্রী শোভনদেব চট্টোপাধ্যায় এবং বিদ্যুৎ মন্ত্রী অরূপ বিশ্বাস, শ্রী অধিকারীর বিরুদ্ধে এই প্রস্তাব আনেন।

সেখানে বিরোধী দলনেতার গতকালের বক্তব্যের কড়া সমালোচনা করে বলা হয়েছে, বিধানসভা থেকে সাসপেন্ড হওয়ার পর বিরোধী দলনেতা যেভাবে বাইরে গিয়ে সাংবাদিক সম্মেলনে বক্তব্য রেখেছেন তা স্বাধিকার ভঙ্গের সামিল। প্রিভিলেজ কমিটিকে আগামী অধিবেশনের আগে রিপোর্ট জমা দিতে বলা হয়েছে।

অন্যদিকে, বিরোধী দলনেতার নেতৃত্বে বিজেপি পরিষদীয় দলের সদস্যরা আজ বিধানসভার বাইরে ধর্না দেন। সাংবাদিকদের প্রশ্নের উত্তরে বিরোধী দলনেতা বলেন, রাজ্য সরকার ভয় পেয়ে তার বিরুদ্ধে স্বাধিকার ভঙ্গের নোটিশ এনেছে।

এদিকে, স্বাধিকার ভঙ্গের নোটিশ পাওয়ার পরেও বিরোধী দলনেতা নিজের অবস্থানে অনড় থাকায় বিধানসভার অধ্যক্ষ বিমান বন্দ্যোপাধ্যায় তাঁকে পুনরায় সতর্ক করে দিয়েছেন। বিধানসভার লবিতে সাংবাদিকদের প্রশ্নের উত্তরে বিমানবাবু জানান, সভার কাজকর্ম নিয়ে বাইরে সমালোচনা করলে প্রয়োজনীয় ব্যবস্থা নেওয়ার সংস্থান আছে।

oooooooooooooooooooo

সরকার, রাজ্য সংগীত হিসাবে রবীন্দ্রনাথ ঠাকুরের লেখা **"বাংলার মাটি বাংলার জল"** গানটির একটি স্তবকে বাংলার পরিবর্তে বাঙালি শব্দটিকে ফিরিয়ে আনার কথা ঘোষণা করেছে। মুখ্যসচিব মনোজ পন্থের জারি করা এক নির্দেশিকায় গানটির একটি স্তবক উল্লেখ করে তা এক মিনিট গাওয়ার কথা বলা হয়েছে। জাতীয় সঙ্গীতের পাশাপাশি রাজ্য সঙ্গীত চলার সময় উঠে দাঁড়ানো বাধ্যতামলূক করা হয়েছে।

উল্লেখ্য রাজ্য সরকার ২০২৩ সালে এক জোড়া সিদ্ধান্তে বিধানসভায় পয়লা বৈশাখকে রাজ্য দিবস হিসাবে পালন করা ছাড়াও বাংলার মাটি বাংলার জল গানটিকে রাজ্য সঙ্গীত হিসাবে স্বীকৃতি দেয়। কিন্তু ঐ বছরেই কলকাতা আন্তর্জাতিক চলচ্চিত্র উৎসবে বাঙালির প্রান, বাঙালির মন, বাঙালির ঘরে যত ভাইবোন এর পরিবর্তে বাংলার প্রান, বাংলার মন, বাংলার ঘরে যত ভাইবোন গাওয়ায় তা নিয়ে সমালোচনা তৈরি হয়। যদিও রাজ্য সরকারের তরফে সেই সময় বিষয়টি নিয়ে কোন ব্যাখ্যা দেওয়া হয়নি।

oooooooooooooooooo

কলকাতার বড়তলা থানা এলাকায় ৭ মাসের এক শিশুকে ধর্ষণের ঘটনায় ব্যাঙ্কশাল কোর্ট আজ দোষী সাব্যস্ত রাজীব ঘোষকে মৃত্যুদন্ডের আদেশ দিয়েছে। গত ৩০-শে নভেম্বর ফুটপাতবাসী এক দম্পতির ওই শিশুটিকে ৩৪ বছর বয়সী রাজীব ধর্ষণ করে। চৌঠা ডিসেম্বর ঝাড়গ্রাম থেকে তাকে গ্রেফতার করা হয়। শিশুটির মৃত্যু না হলেও এই মুহূর্তে সে অত্যন্ত অসুস্থ। তার ওপর যেভাবে অত্যাচার করা হয়েছে, তা বিরলের মধ্যে বিরলতম অপরাধ বলে বিচারক ঐন্দ্রিলা মুখোপাধ্যায় জানিয়েছেন। পক্সো আইন ছাড়াও ভারতীয় ন্যায় সংহিতার একাধিক ধারায় নির্যাতিতার পরিবারকে ১০ লক্ষ টাকা ক্ষতিপুরন দেওয়ার নির্দেশও দিয়েছে আদালত। সরকারী আইনজীবী এই রায়কে ঐতিহাসিক বলে উল্লেখ করেছেন।

০০০০০০০০০০০০০০০০০০০

নিয়োগ দুর্নীতি মামলায় কলকাতা হাইকোর্ট সুজয় কৃষ্ণ ভদ্রকে অন্তর্বর্তী জামিন দিয়েছে। বিচারপতি অরিজিৎ বন্দ্যোপাধ্যায় এবং বিচারপতি অপূর্ব সিংহ রায়ের ডিভিশন বেঞ্চ আজ জানিয়েছে, দু-টি বে-সরকারী হাসপাতালে মেডিকেল রিপোর্ট অনুযায়ী অভিযুক্তের অ্যাঞ্জিওপ্লাস্টি করা প্রয়োজন। আপাতত মামলার মূল বিষয় বিবেচনা না করে শুধুমাত্র চিকিৎসা সংক্রান্ত এবং মানবিক কারণে তার জামিন মঞ্জুর হওয়া উচিত বলে আদালতের পর্যবেক্ষণ। এই সময়ের মধ্যে সে প্রয়োজনীয় চিকিৎসা এবং অস্ত্রোপচার করতে পারবেন।

উল্লেখ্য, নিয়োগ দুর্নীতিতে ইডি-র মামলায় সুজয় কৃষ্ণ আগেই জামিন পেয়েছেন। আজ সি বি আই-এর মামলাতেও অন্তর্বর্তী জামিন মঞ্জুর হওয়ায় আপাতত জেল থেকে বাড়ি ফিরতে পারবেন তিনি।

০০০০০০০০০০০০০০০০০০০০০

বঙ্গোপসাগর থেকে বায়ু মণ্ডলের নীচের স্তরে বেশি মাত্রায় জলীয় বাস্প প্রবেশ করায় বজ্রগর্ভ মেঘের সঞ্চারের ফলে দক্ষিণবঙ্গে আগামীকাল থেকে বজ্র বিদ্যুৎ

সহ হাল্কা বৃষ্টির পূর্বাভাস দিয়েছে আবহাওয়া দপ্তর। **২২ তারিখ পর্যন্ত** একই পরিস্থিতি থাকবে বলে জানিয়েছেন আবহাওয়া দপ্তরের পূর্বাঞ্চলীয় প্রধান সোমনাথ দত্ত।

(বাইট)

বৃষ্টি হতে পারে উত্তরবঙ্গের হিমালয় সন্নিহিত জেলাগুলিতেও।

ooooooooooooooooo

কোলকাতা মেট্রোর ইস্ট - ওয়েস্ট গ্রীন লাইনে কমিউনিকেশন বেসড ট্রেন কন্ট্রোল CBTC ব্যবস্থার পরীক্ষার জন্য আগামী বৃহস্পতিবার থেকে রবিবার পর্যন্ত সম্পূর্ণ ট্রাফিক ব্লক থাকবে। এই কারণে, ওই চারদিন গ্রীন লাইনে ট্রেন চলাচল বাতিল থাকবে। ব্লু, অরেঞ্জ, পারপেল লাইনে মেট্রো পরিষেবা নির্দিষ্ট সময় সূচি অনুযায়ী চলবে।

oooooooooooooooo